East West University
EAST WEST UNIVERSITY LIBRARY
Plot No-A/2, Jahurul Islam City, Aftabnagar, Dhaka-1212

দৈনিক ইত্তেফাক
প্রতিষ্ঠাতা তফাজ্জল হোসেন মানিক মিয়া

দৈনিক ইত্তেফাক, ১২-০৬-২০২২, পৃষ্ঠা-০৩

# পাচারকৃত অর্থ ফিরিয়ে আনার প্রস্তাব বেআইনি ও অনৈতিক

## —ড. ফরাসউদ্দিন



■ ইত্তেফাক রিপোর্ট

বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন বলেছেন, প্রস্তাবিত বাজেটে বিত্তবান, ব্যবসায়ী, মুনাফাভোগী ও অর্থ পাচারকারীদের স্বার্থ দেখা হয়েছে। কর পরিশোধের মাধ্যমে পাচারকৃত টাকা ফেরত আনার প্রস্তাব অনৈতিক ও বেআইনি। মুদ্রা পাচারকারী দেশদ্রোহীদের অর্থ দেশে ফিরিয়ে আনার যে সুযোগ দেওয়া হয়েছে, তা কোনোভাবেই সমর্থন করা যায় না। গতকাল শনিবার রাজধানীর এফডিসিতে শ্রীলঙ্কার সংকট উত্তরণে করণীয় নিয়ে ডিবেট ফর ডেমোক্রেসির এক ছায়া সংসদে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। প্রতিযোগিতা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডিবেট ফর ডেমোক্রেসির চেয়ারম্যান হাসান আহমেদ চৌধুরী কিরণ।

ফরাসউদ্দিন বলেন, দেশের অর্থনীতিতে অভিবাসীদের অবদান বিবেচনায় তাদের প্রতি আরো সদয় হতে হবে। রেমিট্যান্সের ওপর আড়াই শতাংশ প্রণোদনার সুযোগে মানিলন্ডারিংয়ের সঙ্গে জড়িতরা উপকৃত হচ্ছে। তিনি বলেন, মেগা প্রকল্পের জন্য যে ঋণ নেওয়া হয়েছে আগামী তিন বা চার বছর পর কয়েকটি প্রকল্পের ঋণ পরিশোধ করতে হবে। এই ঋণ পরিশোধে পর্যাপ্ত প্রস্তুতি না থাকলে সামগ্রিক অর্থনীতিতে নেতিবাচক প্রভাব পড়তে পারে। বাংলাদেশের জনগণ শ্রীলঙ্কার মতো এই দেশে কোনো শ্বেতহস্তী প্রকল্প হতে দেবে না। আমাদের অবস্থাও কখনো শ্রীলঙ্কার মতো হবে না। বাংলাদেশে অর্থনীতি স্থিতিশীল রাখার ক্ষেত্রে প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে দক্ষতার পরিচয় দিয়েছেন শ্রীলঙ্কার রাজনৈতিক নেতৃত্ব তা পারেনি।

সভাপতির বক্তব্যে হাসান আহমেদ চৌধুরী কিরণ বলেন, এবারের বাজেটে পাচারকৃত অর্থ দেশে ফিরিয়ে আনার লক্ষ্যে যে সুযোগ দেওয়া হচ্ছে, তার অপব্যবহার যাতে না হয়, সেদিকে খেয়াল রাখতে হবে। এত সামান্য করের মাধ্যমে পাচারকারীদের অর্থ দেশে ফিরিয়ে আনার সুযোগ সৎ করদাতাদের নিরুৎসাহিত করবে।

প্রতিযোগিতায় শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়কে পরাজিত করে স্ট্যামফোর্ড ইউনিভার্সিটি বাংলাদেশের বিতার্কিকরা বিজয়ী হয়। ডিবেট ফর ডেমোক্রেসির আয়োজনে প্রতিযোগিতায় বিচারক ছিলেন ড. এস এম মোর্শেদ, সাংবাদিক ড. শাকিলা জেসমিন, সাংবাদিক উম্মান নাহার আজমী ও সাংবাদিক আরিফুর রহমান।